

কেন্দ্রে প্রবেশ করা যাবে সাড়ে ৮টায়

নিজস্ব প্রতিবেদক

১৮ জুন ২০২৬, ১২:০০ এএম



আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা ঘিরে পরীক্ষার্থী, অভিভাবক ও শিক্ষা প্রশাসনের প্রস্তুতি এখন শেষ পর্যায়ে। পরীক্ষা সুষ্ঠু ও শৃঙ্খলাপূর্ণভাবে পরিচালনার লক্ষ্যে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড একাধিক গুরুত্বপূর্ণ নির্দেশনা জারি করেছে। এর মধ্যে রয়েছে পরীক্ষাকেন্দ্রে প্রবেশের সময় পুনর্নির্ধারণ, অনুমোদিত ক্যালকুলেটরের তালিকা প্রকাশ এবং বিশেষ কন্ট্রোল রুম চালু।

সংশ্লিষ্টরা মনে করছেন, এসব উদ্যোগ পরীক্ষা ব্যবস্থাপনাকে আরও সুশৃঙ্খল ও শিক্ষার্থীবান্ধব করবে।

গতকাল বুধবার ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সব এইচএসসি পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের পাঠানো এক চিঠিতে জানানো হয়, কেন্দ্রসংলগ্ন এলাকায় যানজট ও জনভোগান্তি কমাতে পরীক্ষার্থীদের সকাল সাড়ে ৮টা থেকে কেন্দ্রের ভেতরে প্রবেশের সুযোগ দিতে হবে।

বোর্ডের মতে, এ সিদ্ধান্তের মাধ্যমে পরীক্ষা কেন্দ্রের আশপাশে অতিরিক্ত ভিড় ও যানজট নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। তবে পরীক্ষা কক্ষে প্রবেশসংক্রান্ত পূর্বের সব নির্দেশনা বহাল থাকবে। প্রয়োজনীয় ব্যবস্থা নিতে কেন্দ্র কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

আরেকটি বিজ্ঞপ্তিতে বোর্ড জানিয়েছে, সাধারণ ক্যালকুলেটরের পাশাপাশি পরীক্ষার্থীরা নির্ধারিত আটটি মডেলের সায়েন্টিফিক নন-প্রোগ্রামেবল ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। অনুমোদিত মডেলগুলো হলো- এফএক্স-৮২এমএস, এফএক্স-১০০এমএস, এফএক্স-৫৭০এমএস, এফএক্স-৯৯১এমএস, এফএক্স-৯৯১ইএস, এফএক্স-৯৯১ইএক্স, এফএক্স-৯৯১ইএস প্লাস এবং এফএক্স-৯৯১সিডব্লিউ।

এ ছাড়া সাধারণ ক্যালকুলেটর ব্যবহারের সুযোগ থাকবে। পরীক্ষার হলে নন-প্রোগ্রামেবল কাঁটায়ুক্ত হাতঘড়ি ব্যবহার করা যাবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। এ বছরের এইচএসসি পরীক্ষা শুরু হবে ২ জুলাই এবং শেষ হবে ৮ আগস্ট। ব্যবহারিক পরীক্ষা ১৫ আগস্টের মধ্যে সম্পন্ন করতে হবে।

রুটিন অনুযায়ী, প্রথম দিন বাংলা প্রথম পত্র (আবশ্যিক) পরীক্ষা অনুষ্ঠিত হবে। শেষ দিনে পরীক্ষা প্রতিদিন সকাল ১০টায় শুরু হয়ে দুপুর ১টা পর্যন্ত চলবে। দ্বিতীয় শিফটের পরীক্ষা অনুষ্ঠিত হবে বিকাল ২টা থেকে ৫টা পর্যন্ত। পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে নিজ নিজ আসনে উপস্থিত থাকতে হবে।